দৈনিক বাংলা 068

তারিখ ... 10.12.84 ...
পৃষ্ঠা... 5 ...কলাম ...7...

# 'লেখক' নামের কাগজ

লেখকদের এবং শিল্প-সংস্কৃতিবিষয়ক পত্রপত্রিকাকে উৎসাহদানের জন্য বিসিআইসি নতুন ধরনের কাগজ বাজারে ছাড়ছে এবং এর দামও তুলনামূলকভাবে সস্তা হবে বলে যে খবর বেরিয়েছে, তা অবশ্যই আশাব্যঞ্জক। এ-সংক্রান্ত খবরে বলা হয়েছে যে লেখক ব্র্যান্ডের এই কাগজ ডিমাই ও ক্রাউন—দুই সাইজেরই পাওয়া যাবে, এবং জাতীয় স্বার্থে এ কাগজ বিক্রি করা হবে হ্রাসকৃত মূল্যে।

শিক্ষা-সংস্কৃতি, শিল্প-সাহিত্য, অফিস-আদালতের কাজকর্ম, ব্যবসা-বাণিজ্য ইত্যাদি থেকে শুরু করে দৈনন্দিন জীবনের বহুকিছুই কাগজের ব্যবহারের ওপর বিশেষভাবে নির্ভরশীল। নিত্যপ্রয়োজনীয় অনেক উপকরণের মতোই কাগজও বলতে গেলে একরূপ অপরিহার্য। কাগজের ব্যবহার ছাড়া শিক্ষিত ও অগ্রসর সমাজ এবং শিক্ষা-সংস্কৃতির বিকাশের কথা ভাবাই যায় না। বস্তুত, যে-সমাজে কাগজের ব্যবহার বেশি, এবং বিচিত্রমুখী—সে-সমাজই তত উন্নত, শিক্ষা-সংস্কৃতি, শিল্প-সাহিত্য ইত্যাদির ক্ষেত্রে অগ্রসর।

... প্রিন্টে ছাপা সম্ভব নয়। এবং তা বাঞ্ছিতও নয়।

হোয়াইটপ্রিন্ট ও অন্যান্য ধরনের সাদা এবং উন্নতমানের কাগজে বইপত্র ও সাময়িকী ছাপতে গেলে আমাদের দেশে কাগজের চড়া দাম ও অন্যান্য কারণে অত্যধিক খরচ পড়ে, এবং এসবের দাম অধিকাংশ লোকের ক্রয়-ক্ষমতার বাইরে চলে যায়। আমাদের দেশে যে সাহিত্যের বইয়ের প্রকাশনা ও কাটতি খুবই কম, অত্যধিক প্রকাশনা ব্যয় এবং বইপত্রের চড়া দামই তার একটা বড় কারণ। চড়া দামের কাগজ, কালি ও অন্যান্য খাতের খরচ মিলিয়ে মুদ্রণ ও প্রকাশনা ব্যয় যা পড়ে ...

---

হাসনাত মোহাম্মদ শাইম

... অনন্য মুহূর্তে এবং আসন্ন পঞ্চবার্ষিকী পরিকল্পনা সামনে রেখে অনেক চিন্তা চেতনা ক্রীড়ামোদী, ক্রীড়ানুরাগী, ক্রীড়াপ্রেমী ও সংশ্লিষ্ট সকলকে আন্দোলিত করছে আমাদের ক্রীড়া বিষয়ক পরিকল্পনা সম্পর্কে।

বাংলাদেশের কোন ক্রীড়ানীতি প্রণীত হয়নি এবং সুস্পষ্ট ক্রীড়া নীতির অবর্তমানে মন্ত্রণালয়, ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ড, বিভিন্ন জাতীয় ফেডারেশন, সংগঠন ও সংস্থা দীর্ঘ মেয়াদী কোন পরিকল্পনা গ্রহণ করতে পারছে কি?

বিভিন্ন দেশের অভিজ্ঞতার ইতিহাস, দেশের স্বকীয় বৈশিষ্ট্য জনগণের মেধা, ভৌগোলিক ও আবহাওয়াগত বৈশিষ্ট্য দৈহিক কাঠামো ইত্যাদি সকল বিষয় বিবেচনা করে অনতিবিলম্বে জাতীয় ক্রীড়া নীতি প্রণয়ন করা প্রয়োজন।

এখনই সময়—কারণঃ (১) দেশের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণীত হতে যাচ্ছে। (২) জাতির কর্ণধার জাতীয় পুরস্কার প্রাপ্ত শ্রেষ্ঠ ক্রীড়া সংগঠক জেনারেল এরশাদ নিজেও খেলাধুলার ব্যাপারে বিশেষ আগ্রহী।

পুরাতন ভূখন্ডে অপেক্ষাকৃত নতুন দেশ বাংলাদেশ। মাত্র বারো বছর আগে অসাধারণ ত্যাগ ও তিতিক্ষার মধ্য দিয়ে অর্জিত হয়েছে দেশমাতৃকার প্রিয় স্বাধী...

... প্রতিনিধি পাঠানো, মান অর্জনে ব্যর্থতা ইত্যাদি সব বিষয়েই নানা ধরনের সমালোচনা হয়ে থাকে। সমালোচনা ইতিবাচক কিংবা নেতিবাচক যাই বলা হোক—

কেন এটি অবশ্যই গঠনমূলক এবং এর প্রয়োজন অনস্বীকার্য। ক্রীড়াবিদ, ক্রীড়ানুরাগী, সংগঠক, সাংবাদিক, লেখক, দর্শক, প্রশাসক সবাই একটি মহৎ উদ্দেশ্য নিয়ে সমালোচনা করে থাকেন এবং সমালোচনার নিরিখে মূল্যায়ন ক্রীড়া ক্ষেত্রে বয়ে নিয়ে আসবে কাঙ্ক্ষিত সুফল। বারো বছর খুব একটা কম সময় নয় অথচ আমাদের অগ্রগতির গতি মন্থর কেন এ বিষয়ে গভীর মনোনিবেশের প্রয়োজন। খেলাধুলার প্রসার কিংবা অনুশীলন আন্তর্জাতিক প্রতিযোগিতায় জয় কিংবা পরাজয় কোনটাকে বিচ্ছিন্নভাবে দেখলে মূল্যায়নান্তে সঠিক বা নির্ভুল সিদ্ধান্তে আসা সম্ভব নয়। নীতি, তার বাস্তবায়নে ব্যবস্থাপনা সিস্টেম এবং সর্বোপরি প্রয়োজনীয় বস্তুগত, সুবিধা সৃষ্টি এক সাথে বিবেচনা করা প্রয়োজন।